



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 6th Semester Examination, 2022

DSE-P3-BENGALI (3A/3B)

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-3A and DSE-3B.
The candidates are required to answer any one from two papers.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-3A

পত্রসাহিত্য ও আত্মজীবনী

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ছিন্নপত্রের বেশিরভাগ চিঠিগুলি কাকে লেখা? তিনি সম্পর্কে রবীন্দ্রনাথের কে হন? কত সালে চিঠিগুলি গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- (খ) ছিন্নপত্রের ১১ নং পত্রে কবির কী মনোভাব লক্ষ্য করা যায়?
- (গ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থের পরিচ্ছেদ সংখ্যা কয়টি? দুটি পরিচ্ছেদের নাম লেখো।
- (ঘ) ১৩ নং পত্রে বর্ণিত রবীন্দ্রনাথের মূল বক্তব্য অনধিক ছয়টি বাক্যে লেখো।
- (ঙ) বিবেকানন্দ নানা সময়ে বিভিন্ন মানুষকে চিঠি লিখেছেন, তার মধ্যে অন্তত তিনজনের নাম লেখো।
- (চ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থের অনধিক ছ'টি বিশেষত্ব লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ছিন্নপত্রের ১০৭ নং পত্রের মূল বক্তব্য লেখো।
- (খ) ছিন্নপত্রের চিঠিগুলিতে সৌন্দর্যসাধক রবীন্দ্রনাথের যে পরিচয় ফুটে উঠেছে তার বর্ণনা দাও।
- (গ) বিবেকানন্দের পাঠ্যপত্রাবলী অবলম্বনে বিবেকানন্দের ভাষাশৈলীর পরিচয় দাও।
- (ঘ) ৩০৪ নং পত্রে বিবেকানন্দের যে ভাবাবেগ লক্ষ্য করা যায় তার পরিচয় দাও।
- (ঙ) শিবনাথ শাস্ত্রীর মানস বিকাশে তাঁর পিতৃকুল ও মাতৃকুলের ভূমিকা লেখো।
- (চ) সমাজে নারীর অবস্থান সম্পর্কে শিবনাথ শাস্ত্রীর মত তাঁর 'আত্মচরিত' গ্রন্থ অবলম্বনে লেখো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) রবীন্দ্রনাথের ছিন্নপত্রে মর্ত্যপ্রীতির যে প্রতিফলন ঘটেছে তার পরিচয় দাও।
- (খ) রবীন্দ্রনাথের ছিন্নপত্র তাঁর ছোটগল্পের বীজতলা — আলোচনা করো।

- (গ) পত্রসাহিত্য হিসেবে স্বামী বিবেকানন্দের পত্রাবলীর সার্থকতা আলোচনা করো।
- (ঘ) শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’ গ্রন্থে দাক্ষিণাত্য ভ্রমণের যে চিত্র ফুটে উঠেছে এবং সেখানে ঐ অঞ্চলের যে সমাজচিত্র ফুটে উঠেছে তা লেখো।

অথবা

DSE-3B

বাংলা কাব্য, উপন্যাস ও ছোটগল্প

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) ‘মরীচিকা’ কাব্যখানি যতীন্দ্রনাথ সেনগুপ্ত কাকে উৎসর্গ করেছিলেন? উৎসর্গপত্রে কী লেখা ছিল?
- (খ) আশাপূর্ণা দেবীর উপন্যাস ত্রয়ীর নাম ও প্রকাশকাল লেখো।
- (গ) সুবর্ণলতার স্বামী ও সন্তানদের নাম লেখো।
- (ঘ) বৈয়াকরণ শব্দের অর্থ কী? গল্পটিতে বর্ণিত বিষয়টি অনধিক ছয় লাইনে বিবৃত করো।
- (ঙ) “এ ধরা গোরস্থান
মরণের ভিতে স্মরণের টিপি দু’দিনে ভূমি সমান”
– কোন্ কবিতার অংশ? সংক্ষেপে নিহিতার্থ লেখো।
- (চ) মুনীমজী চরিত্রটি কোন্ গল্পের অন্তর্গত? অতি সংক্ষেপে তার পরিচয় দাও।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) “... ছেলে মেয়ে দুই-ই সমান সুবর্ণ, হেলা করিস না” – কোন্ প্রসঙ্গে কার কথা বলা হয়েছে? প্রসঙ্গটি বিশদভাবে ব্যাখ্যা করো।
- (খ) ‘সুবর্ণলতা’ উপন্যাসের নামকরণ কতখানি সার্থক বলে তুমি মনে করো?
- (গ) ‘চকাচকী’ গল্পের অন্তর্নিহিত অর্থ সংক্ষেপে লেখো।
- (ঘ) ‘মানুষ’ কবিতায় কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত মানুষের কোন্ রূপের ছবি এঁকেছেন তার পরিচয় দাও।
- (ঙ) ‘রূপহীনা’ কবিতার অন্তর্নিহিত তাৎপর্য পরিস্ফুট করো।
- (চ) ‘পত্রলেখার বাবা’ গল্পের মূল বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘মরীচিকা’ কাব্যগ্রন্থে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবি মানসের পরিচয় দাও।
- (খ) ‘সুবর্ণলতা’ উপন্যাসে দুই বিপরীত ধ্যানধারণার যে সংঘাতের চিত্র তুলিকার আঁচড়ে তুলে ধরেছেন লেখিকা, তার পরিচয় দাও।
- (গ) উপন্যাসে বর্ণিত সুবর্ণলতার ধ্যানধারণা যে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সে বিষয়ে কোনো সন্দেহ নেই — বক্তব্যটি পরিস্ফুট করো।
- (ঘ) ছোটগল্প হিসেবে ‘গণনায়ক’ গল্পের সার্থকতা বিচার করো।

—x—